



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৬.২০.১৫৮

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

বিষয়: ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহুতাব উদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা প্রদান।

সূত্র: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৫০ ১৮ মে ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুপারিশ এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর রায় ও আদেশ, বিজ্ঞ উপদেষ্টার মতামতের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.৯৩.০০১.১৯.২২০; তারিখ: ৩১/০৭/২০১৯খ্রি. মোতাবেক ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহুতাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মো: মাহাবুবুর রহমানকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহাল করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মো: মাহাবুবুর রহমানকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহাল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহকে পত্র দেয়া হয়। পরবর্তীতে ড. মো: মাহাবুবুর রহমান, অধ্যক্ষ ব্যতীত অন্য কারো স্বাক্ষরে বর্ণিত কলেজের শিক্ষক-কর্মচারীর বেতন ভাতা প্রদান না করার জন্য ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লি. কালীগঞ্জ শাখা, ঝিনাইদহকে পত্র দেয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র পত্র মোতাবেক ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহুতাব উদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ নিয়োগ/পুনর্বহাল সংক্রান্ত জটিলতা ও মামলার কারণে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণ বেতন-ভাতা পাচ্ছেন না। রিট পিটিশন নং-১২২৬১/২০১৯ এর আলোকে এবং অন্য কোন মামলায় ভিন্নরূপ আদেশ না থাকলে উক্ত শিক্ষক কর্মচারীগণের বেতন-ভাতার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।


রিট পিটিশন নং-১২২৬১/২০১৯ এর আলোকে এবং অন্য কোন মামলায় ভিন্নরূপ আদেশ আছে কিনা সে বিষয়ে জানার জন্য নথি আইন শাখায় প্রেরণ করা হয়।

মাউশির আইন শাখার মতামত: “শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৫/২০২০খ্রি. তারিখের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৫০ পত্রের প্রেক্ষিতে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহুতাব উদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক কর্মচারীগণের বেতন ভাতা প্রদানের বিষয়ে নথি পর্যালোচনা করা হয়। মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ১০৩২/২০১৬ এর রায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুপারিশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৭/২০১৯খ্রি. তারিখের পত্রের নির্দেশ অনুসারে অত্র অধিদপ্তর থেকে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ মাহাবুবুর রহমান এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক পুনর্বহাল করার জন্য ০৭/০৮/২০১৯খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয়। কিন্তু তিনি অধ্যক্ষ পদে যোগদান করার পরও ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়িত্ব হস্তান্তর করেননি, ফলে তিনি শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতা উত্তোলন করতে পারছেন না।

এ দিকে বর্ণিত কলেজের গভর্নিং বডির সাবেক সভাপতি জনাব আনোয়ারুল আযীম (আনার) (বর্তমানে জাতীয় সংসদ সদস্য) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৬/০৫/২০১৯খ্রি. তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৬১/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৬/০৫/২০১৯খ্রি. তারিখের পত্রকে ১৫/১২/২০১৯খ্রি. তারিখ পর্যন্ত স্থগিত করা হয়। পরবর্তীতে এই স্থগিত আদেশ বর্ধিত হয়নি এবং বর্তমানে রিট পিটিশনটি বিচারাধীন আছে।

এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২২৬১/২০১৯ এর আদেশে যেহেতু জাতীয় বিশ্ববিদ্যালয়ের পত্র কে স্থগিত করা হয়েছে সেহেতু জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুপারিশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট নির্দেশনা ব্যতীত বর্ণিত কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের বিষয়ে অধ্যক্ষ ব্যতীত অন্য কাউকে দায়িত্ব প্রদান করার অবকাশ নেই”।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৫/২০২০খ্রি. তারিখের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৫০ পত্রের প্রেক্ষিতে আইন শাখার মতামত সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।



১০-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক


অধ্যক্ষ, মাহাতাব উদ্দিন কলেজ, কালীগঞ্জ, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৬.২০.১৫৮/১

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭
১০ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ



১০-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক